জো বাইডেনকে বিএনপির অভিনন্দন

যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় জো বাইডেনকে অভিনন্দন জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ রবিবার (৮ নভেম্বর) এক বার্তায় এই অভিনন্দন জানান বিএনপি মহাসচিব। জো বাইডেনের উদ্দেশে তিনি বলেন, তাঁর (বাইডেন) এই ঐতিহাসিক বিজয়ে বন্ধুপ্রতিম মার্কিন যুক্তরাষ্ট্রের জনগণের সঙ্গে বাংলাদেশের জনগণও আনন্দিত। তিনি বাংলাদেশের জনগণ, বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি ও তাঁর নিজের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান বাইডেনকে।

বিএনপি মহাসচিব আশা প্রকাশ করেন, জো বাইডেন মার্কিন যুক্তরাষ্ট্রের জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাতে সক্ষম হবেন এবং একইসঙ্গে বিশ্বে শান্তি, নিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকার প্রতিষ্ঠায় জোরালো অবদান রাখবেন।

বিএনপির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার আমলে দুই দেশের গভীরতম সম্পর্কের কথা উল্লেখ করে ফখরুল আশা প্রকাশ করেন, জো বাইডেন সেই ধারাকে এগিয়ে নিয়ে যাবেন। তিনি জো বাইডেনের সর্বাঙ্গীন সাফল্য, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

একই অভিনন্দন বার্তায় যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকে অভিনন্দন জানিয়ে তাঁর সর্বাঙ্গীন সাফল্য, দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করেন বিএনপি মহাসচিব।

বিজিবিতে যুক্ত হলো এয়ার উইং

গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আজ রবিবার (৮ নভেম্বর) বেলা সোয়া ১১টায় প্রধান অতিথি হিসেবে বিজিবি এয়ার উইংয়ের জন্য কেনা হেলিকপ্টার কার্যক্রম উদ্বোধন ঘোষণা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর মধ্য দিয়ে আত্মপ্রকাশ ঘটল বিজিবির এয়ার উইংয়ের।

বিজিবি সূত্র জানায়, সক্ষমতা বৃদ্ধি ও সীমান্তে নজরদারি বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশের সীমান্ত রক্ষাকারী বাহিনী বিজিবি হেলিকপ্টার দুটি ব্যবহার করবে। দেশের সব সীমান্ত পথে সকল প্রকার মাদকদ্রব্যের অনুপ্রবেশ বন্ধে হেলিকপ্টার দুটি ব্যবহৃত হবে, যা বিজিবির অপারেশন ও লজিস্টিক সাপোর্টের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ।

সূত্র জানায়, পঞ্চাশের দশকে বিজিবি (তৎকালীন ইপিআর) সদস্যদের ব্যবহারের জন্য ইতালি থেকে একটি পিয়াজ্জিও পি-১৩৬ উভচর বিমান কেনা হয়। বিমানটি সর্বশেষ ১৯৬৮ সালে আকাশে ওড়ে। দীর্ঘদিন বিকল অবস্থায় পড়ে থাকার পর ১৯৭৮ সালে এটিকে তৎকালীন বিডিআর সদরদপ্তর পিলখানায় স্থানান্তর করা হয়। মুক্তিযুদ্ধের পর বিজিবির (তৎকালীন বিডিআর) বিভিন্ন জরুরি কাজে ব্যবহারের জন্য ১৯৮১ সালে একটি বেল-২১২ হেলিকপ্টার কেনা হয়। বর্তমানে হেলিকপ্টারটি বাংলাদেশ বিমান বাহিনী দ্বারা পরিচালিত হচ্ছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনায় একটি পরিপূর্ণ ত্রিমাত্রিক আধুনিক বর্ডার গার্ড গঠনের লক্ষ্যে ২০১৬ সালে বিজিবি এয়ার উইং তৈরি করা হয়। ২০১৮ সালের ১৮ ডিসেম্বর দুইটি এমআই-১৭১ই হেলিকপ্টার কেনার জন্য রাশিয়ার একটি প্রতিষ্ঠানের সঙ্গে বিজিবির চুক্তি হয় এবং চলতি বছরের গত ১৮ ও ২৩ জানুয়ারি হেলিকপ্টার দুটি বাংলাদেশে নিয়ে আসা হয়।

বিজিবির দুইজন বীরশ্রেষ্ঠ ল্যান্সনায়েক নূর মোহাম্মদ শেখ এবং ল্যান্সনায়েক মুন্সী আব্দুর রউফের নামে হেলিকপ্টার দুটির নামকরণ করা হয়। রাশিয়া থেকে আগত উড্ডয়ন ও রক্ষণাবেক্ষণ প্রশিক্ষকদের তত্ত্বাবধানে বিজিবির প্রশিক্ষণার্থীদের হাতেকলমে প্রশিক্ষণের পর গত ৪ মে থেকে হেলিকপ্টার দুটি অপারেশনাল হিসেবে ঘোষণা করা হয়।

সক্ষমতার দিক দিয়ে এমআই-১৭১ই হেলিকপ্টারের সর্বোচ্চ গতি ঘণ্টায় ২৫০ কিলোমিটার। এটি সর্বোচ্চ ছয় হাজার মিটার উচ্চতায় উড্ডয়ন করতে পারে। একসাথে মোট ২৬ জন যাত্রী পরিবহন করতে পারে। সর্বোচ্চ পরিবহন ক্ষমতা ৩০০০ কেজি, রোগী পরিবহন ক্ষমতা ১২ জন। অত্যাধুনিক অটোপাইলট সিস্টেমে পরিচালিত সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত হেলিকপ্টারটি।

ধর্ষকরা যেন দলে অনুপ্রবেশ করতে না পারে- ওবায়দুল কাদের

আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ধর্ষকরা যেন দলে অনুপ্রবেশ করতে না পারে সে ব্যাপারে নেতাকর্মীদের হুঁশিয়ার থাকতে বলেছেন।

আজ শনিবার সকাল সাড়ে ১১টার দিকে মানিকগঞ্জ জেলা পরিষদ মিলনায়তনে জেলা অওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় ভার্চুয়ালে সংযুক্ত হয়ে নেতাকর্মীদের উদ্দেশে এ আহ্বান জানান তিনি।

তিনি বলেন, শেখ হাসিনার সরকার অপরাধীদের প্রশ্রয় দেয় না। অপরাধ করে কেউ রক্ষা পায় না। ‘আন্দোলন ও নির্বাচনে ব্যর্থতার কারণে বিএনপি এখন অস্তিত্বসংকটে, যে কারণে বিএনপির রাজনীতি এখন লাইফ সাপোর্টে আছে’ বলেও মন্তব্য করেন মন্ত্রী।

জেলা আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট গোলাম মহীউদ্দীনের সভাপতিত্বে এ সময় ভার্চুয়ালে সংযুক্ত হয়ে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ডা. দিপু মনি।

জেলা পরিষদ মিলনায়তনের বিশেষ বর্ধিত সভায় আরো উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক, আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মির্জা আজম, স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক, মানিকগঞ্জ ১ আসনের এমপি নাঈমুর রহমান দুর্জয়, মানিকগঞ্জ ২ আসনের সাংসদ মমতাজ বেগমসহ জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীরা।

বাজারে ইলিশের দাম নাগালে, সবজির চড়া

নভেম্বরের প্রথম সপ্তাহ না যেতেই প্রকৃতিতে নেমেছে শীতের আমেজ। বাজারে বেশ কয়েকটি শীতের শাক-সবজিরও দেখা মিলছে, তবে দামের ‘উত্তাপ’ আগের মতোই।

বেশির ভাগ সবজির দর এখনো ৭০ টাকার ওপরে। অথচ প্রতিবছর এ সময়টায় শীতের নতুন সবজি ব্যাপকভাবে বাজারে উঠতে শুরু করে। সে অনুযায়ী কমতে শুরু করে দামও, তবে এবার পরিস্থিতি ভিন্ন।

বিক্রেতারা বলছেন, এবার কয়েক দফায় বন্যা হয়েছে এবং বৃষ্টিও হয়েছে অনেক লম্বা সময় ধরে। এতে আবাদ বাধাগ্রস্ত হয়েছে, ফলে এখনো পুরোমাত্রায় শীতের সবজি আসা শুরু করেনি। এগুলো মূলত শীতের আগাম জাতের সবজি। এ ছাড়া বর্ষা ও গ্রীষ্মকালীন সবজির মৌসুম শেষ হওয়ায় মূলত দাম বেশি রয়েছে। তাঁরা বলছেন, সরবরাহ বাড়লে দু-এক সপ্তাহের মধ্যে দাম কমতে শুরু করবে।

আলুর দাম ৩৫ টাকায় বেঁধে দেওয়া হলেও এখনো বিক্রি হচ্ছে ১০ টাকা বেশি দামে। অবশ্য আমদানি করা পেঁয়াজের সরবরাহ বাড়ায় দাম কিছুটা কমেছে। এখন ৫০ টাকার মধ্যেই পাওয়া যাচ্ছে দেশের বাইরের পেঁয়াজ।

প্রজনন মৌসুমে ২২ দিনের নিষেধাজ্ঞা শেষে ঢাকার বাজারে আসতে শুরু করেছে জাতীয় মাছ ইলিশ, তবে দাম ভরা মৌসুমের মতোই।

গতকাল শুক্রবার রাজধানীর মুগদাপাড়া, গোপীবাগ, মালিবাগসহ কয়েকটি খুচরা বাজার ঘুরে দেখা যায়, কাঁচা মরিচের দাম আগের মতোই, ২৫০ গ্রাম ৪০ থেকে ৫০ টাকা। তবে কেউ এক কেজি নিলে পাওয়া যাচ্ছে ১২০ থেকে ১৪০ টাকায়। আলু বিক্রি হচ্ছে ৪৫ টাকায়, টমেটো ১২০, গাজর ৮০ থেকে ৯০, শিম ১৪০ থেকে ১৫০, ঢেঁড়স ৬০ থেকে ৭০, বরবটি ৯০ থেকে ১০০, মুলা ৭০, কাঁকরোল ৮০ থেকে ৯০, পটোল ৬০ থেকে ৭০, বেগুন ৬০ থেকে ৭০, করলা ৮০ এবং চিচিঙা বিক্রি হচ্ছে ৬৫ থেকে ৭০ টাকা কেজি দরে।

এ ছাড়া জলপাই ৬০ থেকে ৭০ টাকা, পেঁয়াজপাতা ৭০ থেকে ৮০ টাকা, পেঁপে ৪০ থেকে ৫০ টাকা, কচুর লতি ৫০ টাকা, শসা ৫০ থেকে ৬০ টাকায় বিক্রি হচ্ছে। লাউয়ের দাম কিছুটা কমেছে, পাওয়া যাচ্ছে ৪০ টাকায়, আগে ৫০ টাকার নিচে পাওয়া যেত না। ফুলকপি ও বাঁধাকপি ৪০ থেকে ৫০ টাকা চাইছেন বিক্রেতারা।

বাজারে লালশাক, পুঁইশাকের সরবরাহ বৃদ্ধির পাশাপাশি সরিষাশাক ও ডাঁটাশাকও পাওয়া যাচ্ছে। বিক্রি হচ্ছে প্রতি আঁটি ১৫ টাকায়। মাঝে লালশাকের আঁটি ২০ টাকার কমে পাওয়া যেত না। ৩০ থেকে ৪০ টাকায় বিক্রি হওয়া পুঁইশাকের দামও কিছুটা কমেছে।

মুগদা বাজারের সবজি বিক্রেতা আনোয়ার বলেন, একদিকে শীতকালীন সবজি

বাজারে আসেনি, অন্যদিকে গ্রীষ্ম ও বর্ষাকালীন সবজির উৎপাদনও প্রায় শেষের দিকে। শীতকালীন সবজি আসতে আরো সপ্তাহ দুয়েক লাগবে, তখন দাম নেমে আসবে। তিনি বলেন, এর মধ্যেই দেশি কাঁচা মরিচ বাজারে আসছে। ফলে দাম ১৫০ টাকার নিচে নেমে এসেছে বলে জানান তিনি।

বাজারে আমদানি করা পেঁয়াজের সরবরাহ বেড়েছে। বাজারে এখন চার ধরনের পেঁয়াজ পাওয়া যাচ্ছে। দেশি ও দেশি হাইব্রিড পেঁয়াজ কিনতে গুনতে হচ্ছে ৮৫ থেকে ৯৫ টাকা। তুরস্ক ও চীন থেকে আমদানি করা বড় পেঁয়াজ মিলছে ৫০ টাকায়। প্রায় বেগুনি রঙের আমদানি করা পেঁয়াজ কেনা যাচ্ছে ৬০ টাকা কেজিতে। রসুন আগের মতোই ৯০ থেকে ১২০ টাকা প্রতি কেজি; দেশি ও ভারতীয় আদা ১০০ থেকে ১২০ টাকা এবং চীনা আদা ২৫০ টাকায় বিক্রি হচ্ছে।

পল্টন ও সেগুনবাগিচা বাজারে বিভিন্ন আকারের ইলিশ কেজিপ্রতি ৭০০ থেকে ৮০০ টাকায় বিক্রি হতে দেখা গেছে। দীর্ঘদিন পরে বাজারে ইলিশ ওঠায় ক্রেতাদের আগ্রহও বেশি চোখে পড়েছে। বড় আকারের ইলিশই বেশি পাওয়া যাচ্ছে। এ ছাড়া প্রতি কেজি পাঙ্গাশ ১২০ থেকে ১৫০ টাকা, রুই ২৫০ থেকে ৩০০ টাকা, তেলাপিয়া ১১০ থেকে ১২০ টাকায় বিক্রি হচ্ছে।

পদ্মা সেতুর ৩৬তম স্প্যান বসতে পারে আজ, দৃশ্যমান হবে ৫৪০০ মিটার

পদ্মা সেতুর ৩৬তম স্প্যানটি বসানোর কাজ চলছে। ‘ওয়াব-বি’ নামের স্প্যানটি বসানো হবে সেতুর মাওয়া প্রান্তের ২ ও ৩ নম্বর পিলারের উপর। অনুকূল আবহাওয়া আর কারিগরি জটিলতা দেখা না দিলে আজ বৃহস্পতিবার (৫ নভেম্বর) কিংবা শুক্রবার (৬ নভেম্বর) স্প্যানটি বসানো হবে। স্প্যানটি বসানো হলে দৃশ্যমান হবে সেতুর ৫ হাজার ৪০০ মিটার।

গেলো মাসে পদ্মা সেতুতে চারটি স্প্যান বসানো হয়েছে যা প্রকৌশলীদের বড় একটি সাফল্য। চলতি মাসেও চারটি স্প্যান বসানোর

পরিকল্পনা আছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের।

বৃহস্পতিবার দুপুর ১টার দিকে মুন্সিগঞ্জের মাওয়া কন্সট্রাকশন ইয়ার্ড থেকে ভাসমান ক্রেনের মাধ্যমে ১৫০ মিটার দৈর্ঘ্যের স্প্যানটি বহন করা হবে। এরপর সেখান থেকে রওয়ানা দিয়ে নিয়ে যাবে নির্ধারিত পিলারের কাছে। সেখানে অবস্থান করে সবকিছু ঠিকঠাক তাহলে বৃহস্পতিবারই বসিয়ে দেওয়া হবে। যদি স্প্যান বসানোর জন্য পর্যাপ্ত সময় না পাওয়া যায় তাহলে শুক্রবার পিলারের ওপর স্প্যান বসানোর কাজ শুরু হবে। ঠিক এমন পরিকল্পনা প্রকৌশলীদের। এই সংক্রান্ত একটি চিঠিও ইস্যু হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন প্রকৌশলী জানিয়েছেন, ২-৩ নম্বর পিলারের অবস্থান মুন্সিগঞ্জের মাওয়া প্রান্তে। পদ্মানদীর একাবারে তীরের কাছাকাছি। ইতোমধ্যে ৩ হাজার ৬০০ টন ধারণক্ষমতার ভাসমান ক্রেনটি পিলারের কাছে আসার জন্য ড্রেজিং করা হয়েছে। এছাড়া সব ধরনের প্রস্তুতিও গ্রহণ করা হয়েছে। নোঙর করতেও খুব একটা বেগ পেতে হবে না বলে আশা করা যাচ্ছে। কন্সট্রাকশন ইয়ার্ড থেকে ২-৩ নম্বর পিলারের দূরত্ব খুব বেশি না থাকায় ২৫-৩০ মিনিট সময়ের মধ্যেই নির্দিষ্ট স্থানে আসতে পারবে। স্প্যান বসানোর জন্য দুইদিন সময় নেওয়া হয়ে থাকে।

অন্যদিকে পদ্মা সেতুতে বাকি থাকবে ৫টি স্প্যান বসানো। এগুলো- ১১ নভেম্বর পিলার ৯ ও ১০ নম্বরে ৩৭তম স্প্যান (২-সি), ১৬ নভেম্বর পিলার ১ ও ২ নম্বরে ৩৮তম স্প্যান (১-এ), ২৩ নভেম্বর পিলার ১০ ও ১১ নম্বরে ৩৯তম স্প্যান (২-ডি), ২ ডিসেম্বর পিলার ১১ ও ১২ নম্বরে ৪০তম স্প্যান (২-ই) ও ১০ ডিসেম্বর সর্বশেষ ৪১ নম্বর স্প্যান (২-এফ) বসবে ১২ ও ১৩ নম্বর পিলারের ওপর।

সূত্রে জানা যায়, ৩১ অক্টোবর পর্যন্ত পুরো পদ্মাসেতু প্রকল্পের সার্বিক অগ্রগতি ৮২ শতাংশ। নদী শাসন কাজের অগ্রগতি ৭৫ শতাংশ। মূল সেতুর বাস্তব কাজের অগ্রগতি এখন ৯০.৫০ শতাংশ। পদ্মা সেতুর নির্মাণকাজ শুরু হয় ২০১৪ সালের ডিসেম্বরে। মূল সেতুর দুই হাজার ৯১৭টি রোডওয়ে স্ল্যাবের মধ্যে ১ হাজার ১৬৬টির বেশি বসানো হয়েছে। দুই হাজার ৯৫৯টি রেলওয়ে স্ল্যাবের মধ্যে ১ হাজার ৬৪৬টির বেশি স্ল্যাব বসানো হয়েছে। মাওয়া ও জাজিরা ভায়াডাক্টে ৪৮৪টি সুপার টি গার্ডারের মধ্যে ২৫৮টি স্থাপন করা হয়েছে। স্প্যান বসানোর পাশাপাশি স্ল্যাব বসানোর কাজও এগিয়ে চলছে। বন্যা ও করোনা পরিস্থিতিতে চারমাস স্প্যান বসানো না গেলেও অক্টোবর

মাসে চারটি স্প্যান বসানো হয়।

প্রকৌশলী সূত্রে জানা যায়, পদ্মা সেতুতে মোট ৪২টি পিলারে বসানো হবে ৪১টি স্প্যান। ইতোমধ্যে ৩৫টি স্প্যান বসিয়ে দৃশ্যমান হয়েছে ৫ হাজার ২৫০ মিটার। আর ছয়টি স্প্যান বসিয়ে দৃশ্যমান বাকি ৯০০ মিটার।
পুরো সেতু ৬, ১৫০ মিটার (৬.১৫ কিলোমিটার)।

মূল সেতু নির্মাণের কাজ করছে চীনের ঠিকাদারি প্রতিষ্ঠান চায়না রেলওয়ে মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং গ্রুপ কোম্পানি লিমিটেড (এমবিইসি) ও নদীশাসনের কাজ করছে চীনের আরেকটি প্রতিষ্ঠান সিনো হাইড্রো করপোরেশন।

২০২১ সালের এসএসসি পরীক্ষা বাতিলের দাবিতে বিক্ষোভ আজ

করোনা মহামারির মধ্যে ২০২১ সালের এসএসসি ও দাখিল পরীক্ষা বাতিলের দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে শিক্ষার্থীরা। ‘করোনার মধ্যে এসএসসি ও দাখিল পরীক্ষা নয়’ ব্যানারে আজ বৃহস্পতিবার (০৫ নভেম্বর) সারা দেশব্যাপী পরীক্ষা বাতিলের দাবিতে এ কর্মসূচি পালিত হবে।

ঢাকার ভিকারুননিসা নূন স্কুলের সামনে থেকে সকাল ১১টায় বিক্ষোভ কর্মসূচি শুরু হবে। এতে সভাপতিত্ব করবেন তরুণ ছাত্রনেতা মো. মাহবুবুর রহমান।

জাহিদ আহমেদ নামে এক এসএসসি পরীক্ষার্থী তাদের দাবির বিষয়ে জানান, ‘আমাদের জন্যেও অটোপাসের সিদ্ধান্ত দেয়া হোক। কারণ আমরা শুধুমাত্র ক্লাস ৯-এ ক্লাস করার সুযোগ পেয়েছি। তারপর ক্লাস ১০-এর প্রথম দিকেই করোনার জন্য শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ হয়ে যায়। এ কারণে আমাদের পড়ালেখায় খারাপ প্রভাব পড়েছে।’

জাহিদ বলেন, এই পরিস্থিতিতে আমাদের পড়ালেখা চালিয়ে যাওয়া কঠিন

হয়ে পড়েছে। এছাড়াও অনলাইন ক্লাস থেকে অর্ধেকের বেশি শিক্ষার্থীই বঞ্চিত ছিল। এর জন্য আমাদের পাঠদান অসম্পূর্ণ থেকে যায়। তাছাড়া সামনে শীতে করোনার প্রকোপ বৃদ্ধির আশঙ্কা রয়েছে। সবমিলিয়ে আমরা পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে পারিনি।

চীনকে ঠেকাতে একজোট যুক্তরাষ্ট্র-ভারতসহ চার দেশ

চীনের প্রভাব ঠেকাতে ভারতের সঙ্গে মালাবার নৌ মহড়ায় অংশ নিয়েছে যুক্তরাষ্ট্র, জাপান ও অস্ট্রেলিয়া। প্রথম ধাপের এ সামরিক নৌ মহড়াটি ভারতীয় উপকূলীয় অঞ্চলে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। দুই ধাপে অনুষ্ঠিতব্য মালাবার নৌ মহড়া ৬ নভেম্বর পর্যন্ত চলবে বলে জানা গেছে।

এ মহড়ায় যোগ দেবে মার্কিন নৌবাহিনীর ক্ষেপণাস্ত্র বিধ্বংসী যুদ্ধ জাহাজ ইউএসএস জন এস ম্যাককেইন, অস্ট্রেলিয়ার এইচএমএএস বালারাতসহ এমএইচ-৬০ হেলিকপ্টার এবং জাপানের জেএমএসডিএফ’র ওনামি (ডেস্ট্রয়ার)।

সম্প্রতি চার দেশের পররাষ্ট্রমন্ত্রীরা বৈঠকে বসেছেন টোকিওতে। চার দেশের জোটের নাম কোয়াড্রিল্যাটেরাল সিকিউরিটি ডায়ালগ বা কোয়াড। মুখে না বললেও মূলত চীনের প্রভাবের মোকাবিলা করার জন্যই একজোট হয়েছে ভারত, জাপান, অস্ট্রেলিয়া এবং আমেরিকা।

চীন যেভাবে ক্ষমতা দেখানোর চেষ্টা করছে ও আঞ্চলিক প্রভাব বাড়াবার চেষ্টা করছে, তা ঠেকানোর জন্যই চার দেশের পররাষ্ট্রমন্ত্রী বৈঠক করছেন টোকিওয়। করোনাকালে ভার্চুয়াল বৈঠক না করে তারা যে একসঙ্গে বসে আলোচনা করলেন, তার থেকেই পরিষ্কার বিষয়টিকে তারা কতটা গুরুত্ব দিচ্ছেন।

ভারত ও প্রশান্ত মহাসাগরে নৌ চলাচল ‘অবাধ ও স্বাধীন’ রাখার উপায় খোঁজার যুক্তি দেখিয়ে ২০০৭ সালে যুক্তরাষ্ট্র, জাপান, অস্ট্রেলিয়া ও ভারতের মধ্যে ‘কোয়াড’ নামে সংলাপের সূচনা হয়েছিল।

দশ বছর পর ‘কোয়াড সংলাপ’ ২০১৭ সাল থেকে নতুন করে জীবন ফিরে পায়।

এই মহড়াটি এমন সময় অনুষ্ঠিত হচ্ছে যখন চীন ও অস্ট্রেলিয়া কূটনৈতিক বিরোধ চলছে। এছাড়া যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য নিয়ে বিরোধ রয়েছে চীনের। সেই সঙ্গে ভারতের সঙ্গে সীমান্ত নিয়েও দ্বন্দ্ব চলছে চীনের।

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট কে হচ্ছেন তা গুরুত্বপূর্ণ নয়: রুহানি

ইরানের প্রেসিডেন্ট ড. হাসান রুহানি বলেছেন, কে প্রেসিডেন্ট হচ্ছেন মার্কিন যুক্তরাষ্ট্রে আর কী ঘটছে এটি তেহরানের কাছে গুরুত্বপূর্ণ বিষয় নয়। অবশ্যই আন্তর্জাতিক আইন ও নীতিমালার প্রতি শ্রদ্ধাশীল হতে হবে মার্কিন যুক্তরাষ্ট্রকে। বুধবার তেহরানে মন্ত্রিপরিষদের বৈঠকে রুহানি এ কথা বলেন।

রুহানি আরও বলেন, যুক্তরাষ্ট্রকে নিষেধাজ্ঞার পরিবর্তে সম্মান, হুমকির পরিবর্তে শ্রদ্ধা এবং আইন লঙ্ঘনের পরিবর্তে প্রতিশ্রুতি বাস্তবায়নের পথ অনুসরণ করতে হবে। উত্তর এবং উত্তর-পশ্চিম সীমান্তে তাকফিরি সন্ত্রাসীদের উপস্থিতি মেনে নেয়া হবে না।

এ বিষয়টি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। কূটনৈতিক ও বেসামরিক পন্থায় কারাবাখ সংকটের সমাধান করতে আঞ্চলিক দেশগুলোর প্রতি আহ্বান জানান ইরানের প্রেসিডেন্ট।

কে হবে আমেরিকার প্রেসিডেন্ট?

আমরা জয়ের পথে রয়েছি বলে বিশ্বাস করি। সব ভোট গণনা শেষ না হওয়া পর্যন্ত এখন আমাদের ধৈর্য ধরে অপেক্ষা করতে হবে – এমন মন্তব্য করেছেন ডেমোক্র্যাটিক প্রেসিডেন্ট প্রার্থী জো বাইডেন।

তিনি আরো বলেন, সকাল নাগাদ পুরো ফলাফল চলে আসতে পারে। তবে কে বিজয়ী হবে এটা বলার দায়িত্ব আমার বা ট্রাম্পের নয়। এটা একমাত্র আমেরিকার জনগণের সিদ্ধান্ত।
এদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের দামামা ছড়িয়ে পড়েছে পুরো বিশ্বে। সবার চোখে এখন যুক্তরাষ্ট্রের দিকে। এর মধ্যে ইলেক্টোরাল ভোটে ট্রাম্পের চেয়ে বেশ এগিয়ে জো বাইডেন। যদিও ইতিমধ্যে গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্য ফ্লোরিডা এবং ওহাইও জিতে নিয়েছেন ট্রাম্প।

মার্কিন গণমাধ্যম বলছে, ক্যালিফোর্নিয়া, ওরেগন এবং ওয়াশিংটনে জো বাইডেন জয় ছিনিয়ে নিয়েছে ট্রাম্পের কাছ থেকে। ৪৬তম প্রেসিডেন্ট হতে হলে ২৭০টি ইলেক্টোরাল ভোটে জিতেই হবে। এখন পর্যন্ত ইলেক্টোরাল ভোটের প্রাপ্ত ফল অনুযায়ী বাইডেন পেয়েছেন ২৩৮ আর প্রতিদ্বন্দ্বী ট্রাম্প পেয়েছেন ২১৩টি ভোট।

ফলাফল অনুযায়ী, ক্যালিফোর্নিয়া, ওরেগন, ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া, কলোরাডো, ডেলাওয়ারে,ম্যারিল্যান্ড, ম্যাচাচুসেটস, নিউ জার্সি, নিউ ইয়র্ক, ওয়াশিংটন ডিসি, নিউ মেক্সিকো, নিউ হ্যাম্পশায়ার, রোডে আইল্যান্ডে, কানেক্টিকাট, ইলিনয়েস, মেরিল্যান্ড, মিনেসোটা, হাওয়াই, ট্রাম্পকে পেছনে ফেলে এগিয়ে আছেন বাইডেন।

অন্যদিকে, দেশটির বর্তমান প্রেসিডেন্ট ও রিপাবলিকান দলীয় প্রার্থী ডোনাল্ড ট্রাম্প বিজয়ী হয়েছেন- ইন্ডিয়ানা, কেন্টাকি, ওকলাহোমা, টেনেসি, ওয়েস্ট ভার্জিনিয়া, আরাকানসাস, সাউথ ডাকোটা, নর্থ ডাকোটা, আলাবামা, সাউথ ক্যারোলাইনা, লুইজিয়ানা, নেব্রাসা এবং নেব্রাসার থার্ড ডিসট্রিক্ট, উটাহ, মিসৌরি, কানসাস, ওয়াইওমিং এবং মিসিসিপি।

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার জন্য একজন প্রার্থীর ৫০টি রাজ্য ও ওয়াশিংটন ডিসি মিলে মোট ২৭০টি ইলেকটোরাল কলেজ ভোটের দরকার। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট সাধারণত জাতীয় ভোটের মাধ্যমে

নির্বাচিত হন না। এদিকে, মার্কিন সংসদের সিনেটের ১০০ জন, প্রতিনিধি পরিষদের ৪৩৫ এবং সাংবিধানিক ক্ষমতাবলে ওয়াশিংটন ডিসির তিনজন প্রতিনিধিসহ দেশটিতে মোট ইলেক্টোরাল কলেজ প্রতিনিধির সংখ্যা ৫৩৮।

ভোট গণনা শেষ হওয়ার আগেই নিজেকে জয়ী দাবি করেছেন যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট ও রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। এর পাশাপাশি ভোট গণনায় কারচুপির অভিযোগ তুলে সুপ্রিম কোর্টে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তিনি। এর পরিপ্রেক্ষিতে ট্রাম্পের প্রতিদ্বন্দ্বী জো বাইডেনের ডেমোক্রেট দলের পক্ষ থেকে জানানো হয়েছে, ট্রাম্প আদালতে গেলে তারাও আইনজীবীদের একটি দল প্রস্তুত রেখেছে।

গতকাল বুধবার স্থানীয় সময় মধ্যরাতে হোয়াইট হাউসের ইস্ট রুমে দেওয়া ভাষণে ট্রাম্প বলেন, ‘আমরা সুপ্রিম কোর্টে যাবো। আমরা ভোট গণনার কার্যক্রম এই মুহূর্তে বন্ধ চাই। যুক্তরাষ্ট্রের জন্য এটি খুবই দুঃখজনক একটি মুহূর্ত।’

তবে জো বাইডেন তার সমর্থকদের ধৈর্য ধরার আহ্বান জানিয়ে বলেছেন, ‘ট্রাম্প বা আমি নিজেকে জয়ী ঘোষণার কেউ নই। এটা আমেরিকার জনগণের সিদ্ধান্ত।’

নিউইয়র্ক টাইমসের তথ্য অনুযায়ী, এখনো আটটি অঙ্গরাজ্যের ফল বাকি রয়েছে। এগুলোতে হাড্ডাহাড্ডি লড়াই চলছে দুই প্রতিদ্বন্দ্বীর। এর মধ্যে পেনসিলভানিয়া অঙ্গরাজ্যের ফল পেতে শুক্রবার পর্যন্ত অপেক্ষা করতে হতে পারে বলে জানিয়েছেন নির্বাচন সংশ্লিষ্টরা।

এই অঙ্গরাজ্যে ২০ টি ইলেকটোরাল কলেজ ভোট রয়েছে। ৭৫ শতাংশ ভোট গণনা পর্যন্ত এখানে প্রায় ছয় লাখ ভোটের ব্যবধানে এগিয়ে আছেন ট্রাম্প। অন্য যে অঙ্গরাজ্যগুলোর ফলের জন্য অপেক্ষা করতে হবে, সেগুলো হলো নেভাদা, অ্যারিজোনা, আলাস্কা, উইসকনসিন, মিশিগান, জর্জিয়া ও নর্থ ক্যারোলাইনা।

দেশে করোনায় মৃত্যু ৬ হাজার ছাড়াল

করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ২১ জনের মৃত্যু হয়েছে। সরকারি হিসাব অনুযায়ী, দেশে এ পর্যন্ত মোট মৃতের সংখ্যা ৬ হাজার চারজনে দাঁড়িয়েছে।

করোনাভাইরাসে মৃত্যু ও আক্রান্তের সবশেষ পরিস্থিতি নিয়ে বুধবার স্বাস্থ্য অধিদফতরের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

গত ২৪ ঘণ্টায় করোনা পজিটিভ শনাক্ত হয়েছেন এক হাজার ৫১৭ জন। এ নিয়ে দেশে এখন পর্যন্ত করোনা শনাক্ত হলেন ৪ লাখ ১৪ হাজার ১৬৪ জন।

দেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল গত ৮ মার্চ। এর ১০ দিনের মাথায় ১৮ মার্চ প্রথম মৃত্যুর খবর আসে। সাড়ে সাত মাসের মাথায় সরকারি হিসাবে মৃতের সংখ্যা ছাড়িয়ে গেল ৬ হাজার।

স্বাস্থ্য অধিদফতরের হিসাব অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় বাসা ও হাসপাতালে চিকিৎসাধীন আরও ১ হাজার ৯১০ জন রোগী সুস্থ হয়ে উঠেছেন। এ নিয়ে দেশে মোট সুস্থ হয়েছেন ৩ লাখ ৩১ হাজার ৬৯৭ জন।

এছাড়া বিশ্বে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা ইতোমধ্যে ৪ কোটি ৭৪ লাখ ছাড়িয়েছে। আর মৃত্যুর সংখ্যা বেড়ে ১২ লাখ ১৪ হাজারে দাঁড়িয়েছে।

জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের তালিকায় বিশ্বে শনাক্তের দিক থেকে বাংলাদেশ ২২তম স্থানে আছে, আর মৃতের সংখ্যায় রয়েছে ৩১তম অবস্থানে।

স্বাস্থ্য অধিদফতর জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় সারা দেশে ১১৪টি ল্যাবে ১৩ হাজার ৯১৪ টি নমুনা পরীক্ষা করা হয়েছে। এ পর্যন্ত মোট পরীক্ষা হয়েছে ২৩ লাখ ৮৯ হাজার ৬৭৭টি নমুনা।

২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষার বিবেচনায় শনাক্তের হার ১০.৯০ শতাংশ। এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৭.৩৩ শতাংশ। শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৮০ দশমিক ০৯ শতাংশ এবং মৃত্যুর হার ১.৪৫ শতাংশ-

[redacted]